

উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়
কৃষি ও সেচ বিষয়ক
উপজেলা পরিষদ কমিটি সভার কার্যবিবরণী



সভার তারিখ : ২৬ সেপ্টেম্বর ২০২১

অদ্য ২৬ সেপ্টেম্বর ২০২১ইং তারিখে উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, লামা, বান্দরবান এর মাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মিলকী রানী দাশ।

উক্ত সভার আলোচ্যসূচী নিম্নরূপ-

- ১। অত্র কার্যালয়ের বর্তমান কার্যক্রম, অগ্রগতি এবং পরবর্তী মাসের কর্মবন্টন/কর্মপরিকল্পনা।
- ২। উপজেলা পরিষদ, লামা, বান্দরবান থেকে প্রস্তাবিত স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্প প্রস্তাব।
- ৩। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ :

আলোচ্যসূচী-১: অত্র কার্যালয়ের বর্তমান কার্যক্রম আলোচনা এবং পরবর্তী মাসের কর্ম পরিকল্পনা সন্তোষজনক প্রকাশ করা হয়। সভায় আলোচনার মাধ্যমে উক্ত কার্যালয়ের কার্যক্রম আরো গতিশীল ও বেগবান করার প্রত্যাশা করেন সভাপতি মিলকী রানী দাশ।

আলোচ্যসূচী-২: অনুযায়ী উপজেলা পরিষদ, লামা এর সাধারণ সভায় প্রকল্প আহবানের ভিত্তিতে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে একটি উপ প্রকল্প প্রস্তাব দেয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।

আলোচ্যসূচী-৩: অনুযায়ী কার্যালয়ের সকল কাগজপত্র হালনাগাদ করার বিষয়ে তাগিদ দেয়া হয়।


প্রকল্পটি নিম্নরূপ:


ক) আধুনিক পদ্ধতিতে কফি ও কাজুবাদাম চাষ বিষয়ক প্রশিক্ষণ।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর

ক্র: নং	নাম	কর্মস্থলের পদবী	কমিটির পদবী	স্বাক্ষর
১.	মিলকী রানী দাশ	মহিলা ভাইস চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত/-
২.	মোঃ আরিফুল ইসলাম	কৃষি সম্প্রসারণ কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত/-
৩.	জনাব মোঃ রফিক	কাউন্সিলর, ৪নং ওয়ার্ড, লামা পৌরসভা।	সদস্য	স্বাক্ষরিত/-
৪.	জনাব সাহেদা ইয়াছমিন	সংরক্ষিত মহিলা সদস্য	সদস্য	স্বাক্ষরিত/-
৫.	জনাব আবদুল ওহাব	মধুঝিরি, ৭নং ওয়ার্ড, লামা পৌরসভা	সদস্য	স্বাক্ষরিত/-
৬.	জনাব আলী হোসেন মিজান	চেয়ারম্যান পাড়া, লামা	সদস্য	স্বাক্ষরিত/-
৭.	জনাব রতন চন্দ্র বর্মণ	উপজেলা কৃষি কর্মকর্তা	সদস্য সচিব	স্বাক্ষরিত/-


সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভা সমাপ্তি ঘোষণা করেন।


মিলকী রানী দাশ
সভাপতি
কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি
লামা, বান্দরবান পার্বত্য জেলা।


মিলকী রানী দাশ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ০১। জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
- ০২। পরিচালক, স্থানীয় সরকার, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৫। জনাব সদস্য, উপজেলা কৃষি সেচ বিষয়ক উপজেলা কমিটি, লামা, বান্দরবান।


(জনাব রতন চন্দ্র বর্মণ)
উপজেলা কৃষি কর্মকর্তা
লামা, বান্দরবান পার্বত্য জেলা।